# ঢাকা বোর্ড-২০১৭

## বাংলা প্রথম পত্র

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

১.▶ কক্সবাজার সমুদ্র সৈকতে বেড়াতে এসেছে মাইনুল। এটি পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত। এখানে আদিবাসীরা সামুদ্রিক বিভিন্ন জিনিসের পসরা নিয়ে বসেছে। দোকানিরা বেশিরভাগই যুবতী। তারা দোকান পরিচালনা করছে। তাদের কলহাস্যে মুখরিত দোকানগুলো। মাইনুল উপলব্ধি করল যে, কাজের ক্ষেত্রে আদিবাসী নারী-পুরুষের মাঝে তেমন কোনো ভেদাভেদ নেই।

ক. 'লোলচর্মা' শব্দের অর্থ কী? ১

খ. 'পালামৌ' রচনায় বালকদের শয়নঘরের ব্যাপারটি লেখককে পরিতৃপ্ত করল কেন? ২

গ. উদ্দীপকের আদিবাসীরা 'পালামৌ' ভ্রমণ কাহিনীর কাদের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকটিতে 'পালামৌ' ভ্রমণ কাহিনীর সমগ্রভাব প্রকাশিত হয়নি।"— মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

২.▶ জাহেদ সাহেব একজন লোভী ডাক্তার। অভাব ও দারিদ্র্য বিমোচন করতে গিয়ে তিনি সব সময় অর্থের পেছনে ছুটতেন। এক সময় গাড়ি-বাড়ি, ধন-সম্পদ সব কিছুর মালিক হন। তবুও তার চাওয়া-পাওয়ার শেষ নেই। অর্থ উপার্জনই তার একমাত্র নেশা। অন্যদিকে তাঁর বন্ধু সগীর সাহেব তার ধন-সম্পদ থেকে বিভিন্ন সামাজিক জনকল্যাণমূলক কাজে ব্যয় করেন। তিনি মনে করেন, সুন্দরভাবে জীবনযাপনের জন্য বেশি সম্পদের প্রয়োজন নেই।

ক. শিক্ষা আসল কাজ কী? ১

খ. "লেফাফাদুরস্তি আর শিক্ষা এক নয়"— কেন? ২

গ. উদ্দীপকের সগীর সাহেবের মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের জাহেদ সাহেবের মাঝে শিক্ষার প্রয়োজনীয় দিকটি উপস্থিত"— 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩.▶ সকালে ঘুম থেকে উঠেই নিতু ব্যস্ত হয়ে পড়ে 'বৈশাখী' অনুষ্ঠানে যাওয়ার জন্য। বছরের এ দিনটি সবার কাছে প্রিয়। এটিই একমাত্র অনুষ্ঠান যেখানে নানা ধর্মের বন্ধুরা সবাই মিলে সমানভাবে আনন্দে মেতে ওঠে। এখানে সে সত্যিকারে উপলব্ধি করে বাংলার মুসলিম, হিন্দু, বৌদ্ধ, আমরা সবাই বাঙালি।

ক. কে বাংলা নববর্ষকে এদেশের জনগণের 'নওরোজ' বলে উল্লেখ করেছেন? ১

খ. বাঙালি জাতীয়তাবাদী চেতনা বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের যে দিকটির সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের দিকটি ছাড়া 'পয়লা বৈশাখ' প্রবন্ধে আলোচিত অন্যান্য দিকগুলো বিশ্লেষণ করো। ৪

৪.▶ রহিম চৌধুরী কয়েকটি শিল্প প্রতিষ্ঠানের মালিক হয়েও সাধারণ জীবনযাপনে অভ্যস্ত। কিছুদিন পূর্বে তাঁর বড় মেয়ের বিয়েতে এলাকার সকলকে দাওয়াত দেন। তিনি ধনী-গরিবের মধ্যে কোনো পার্থক্য করেননি। তাঁর এ আচরণে এলাকার দরিদ্র জনগণ খুবই সন্তুষ্ট।

ক. ঠাকুরদাস মুখুয্যের স্ত্রী কয়দিনের অসুখে মারা গেলেন? ১

খ. রসিক দুলে তার পায়ের ধুলো দিতে গিয়ে কেঁদে ফেলল কেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে 'অভাগীর স্বর্গ' গল্পের বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. "অভাগীর আশা পূর্ণতা পাওয়ার জন্য রহিম চৌধুরীদের মতো মানুষ প্রয়োজন"— বক্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ হিন্দু মুসলিম বৌদ্ধ খ্রিস্টান
অবান্তর আজ এ প্রশ্ন
আমরা সবাই বাঙালি
বাংলা মায়ের সন্তান
এ কথাই অগ্রগণ্য।
আমাদের পরিচয় ধর্মে নয়
কর্মে পরিচয় পাই—
আমরা সবাই মানুষ
এটাই আমাদের শেষ পরিচয়

ক. বাংলাদেশে শিল্পকলা আন্দোলনের পথিকৃৎ কে? ১

খ. "আমি যে, এসেছি জয়বাংলার বজ্রকণ্ঠ থেকে" বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকটি 'আমার পরিচয়' কবিতার কোন দিকটির সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. "আমরা সবাই মানুষ
এটাই আমাদের শেষ পরিচয়"— পঙ্ক্তিটি 'আমার পরিচয়' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. ▶ কুমড়ো ফুলে-ফুলে
নুয়ে পড়েছে লতাটা
সজনে ডাঁটায়
ভরে গেছে গাছটা
আর আমি
ডালের বড়ি শুয়িয়ে রেখেছি।
খোকা তুই কবে আসবি?
কবে ছুটি?

ক. 'পল্লিজননী' কবিতায় কোন ফলের কথা বলা হয়েছে? ১
খ. 'রহিম চাচার ঝাড়া' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? তার পরিচয় দাও। ৩
ঘ. "উদ্দীপক এবং 'পল্লিজননী' কবিতার বিষয়বস্তু এক নয়"— উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

৭. ▶ "একবার মরে ভুলে গেছে আজ মৃত্যুর ভয় তারা
শাবাশ বাংলাদেশ এ পৃথিবী অবাক তাকিয়ে রয়,
জ্বলে পুড়ে-মরে ছারখার তবু মাথা নোয়াবার নয়।"

ক. 'সাহসী জননী বাংলা' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? ১
খ. বাঙালিকে 'অনার্যজাতি' বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'সাহসী জননী বাংলা' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের ভাবনা 'সাহসী জননী বাংলা' কবিতার সামগ্রিক পরিচয় নয়"— মূল্যায়ন করো। ৪

## গ অংশ — উপন্যাস

৮. ▶ নেওয়াজ তার পরিবারের সাথে সাভারে বেড়াতে গিয়ে জাতীয় স্মৃতিসৌধ দেখে অবাক হয়। সে মায়ের কাছে এ স্মৃতিসৌধ সম্পর্কে জানতে চায়। মা তাকে বলে মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণে এই স্মৃতিসৌধটি নির্মিত হয়েছে। স্মৃতিসৌধ তরুণ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল হয়ে দাঁড়িয়ে আছে।

ক. আধুনিক বাংলা উপন্যাসের জনক কে? ১
খ. আলো আঁধার বুধার কাছে সমান কেন? ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের স্মৃতিসৌধ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন স্মৃতি মনে করিয়ে দেয়? ৩

ঘ. "উদ্দীপকের 'স্মৃতিসৌধ' ও 'কাকতাড়ুয়া' উপন্যাস উভয়ই মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল"— বিশ্লেষণ করো। ৪

৯.▶ গ্রেনেড উঠেছে হাতে ... কবিতার হাতে রাইফেল
এবার বাঘের থাবা, ভোজ হবে আজ প্রতিশোধে
যার সঙ্গে যেরকম, সেরকম খেলবে বাঙালি
খেলেছি, মেরেছি সুখে... কান কেটে দিয়েছি তোদের।"

ক. মুক্তিবাহিনীর কমান্ডার কে? ১

খ. ভয় ওকে কাবু করে না কেন? ২

গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার জীবনের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সম্পূর্ণ ভাবের প্রতিফলন ঘটেনি"— বিশ্লেষণ করো। ৪

### ঘ অংশ — নাটক

১০.▶ মাতৃহারা ঝিনু চাচার বাড়িতে বড় হয়। চাচি ঝিনুকে বোঝা মনে করে। ভাবে কোনো রকম পাত্রস্থ করতে পারলেই হয়। অবশেষে চাচি সতীনের সংসারে এক বৃদ্ধের সাথে বিয়ে দেয় ঝিনুকে। জীবনসচেতন ঝিনু এ বিয়ে মেনে না নিয়ে একদিন বাড়ি ছেড়ে অজানার পথে পাড়ি জমায়।

ক. 'বহিপীর' নাটকটির রচনাকাল কত? ১

খ. হকিকুল্লাহ পুলিশ ডাকতে গিয়ে ফিরে এসেছিলেন কেন? ২

গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সমগ্রভাব তুলে ধরেনি— উক্তিটির সত্যতা নিরূপণ করো। ৪

১১.▶ সড়ক দুর্ঘটনায় প্রাণে বেঁচে যায় গৃহবধূ রুকসানা। তাকে হাসপাতালে নিয়ে সুস্থ করে তোলেন রহমান সাহেব। দুর্ঘটনার স্থানে কিছু লোক সাহায্য না করে লুটপাট করছিল। রহমান সাহেব যথাযসময়ে চলে আসায় রুকসানার দ্রুত চিকিৎসা হয় এবং মালামাল রক্ষা পায়।

ক. বহিপীরের বয়স কত? ১

খ. "বদলোকেরা তোমাকে গিলে খাচ্ছে"— কথাটি কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকের রহমান সাহবের ভূমিকা 'বহিপীর' নাটকের হাতেম আলির সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে রুকসানার সড়ক দুর্ঘটনা 'বহিপীর' নাটকে সৃষ্ট দুর্ঘটনারই প্রতিরূপ"— মতামত দাও। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০   বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা   বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. হযরতের চরিত্র মধুময় হয়ে উঠেছিল—**
ক) গুরুগম্ভীর নীরবতায়   খ) মধুবর্ষী মুখের ভাষণে
গ) বিনীত নম্র প্রকৃতিতে   ঘ) সত্যের নিবিড় সাধনায়

**২. দেবী অন্নপূর্ণা এতদিন কার বাড়িতে ছিলেন?**
ক) হরিহোড়ের   খ) ভবানন্দের
গ) ঈশ্বরী পাটুনীর   ঘ) অন্নপূর্ণার স্বামীর

**৩. 'মাটির ভিতরে শিকড় অনেক দূরে চলে গেছে'— এখানে 'শিকড়' বলতে বোঝানো হয়েছে—**
ক) শিকড়ের বিস্তৃতি
খ) বউয়ের সংসারের জালে চারিদিকে আবদ্ধ হওয়া
গ) নিমগাছের বিস্তৃতি   ঘ) নিমগাছটির স্থিরতা

**৪. কবি কী দেখে ভবিষ্যৎ নির্ভর হতে নিষেধ করেছেন?**
ক) বাহ্যদৃশ্য   খ) মনোহর মূর্তি
গ) অতীত সুখের দিন   ঘ) সংসার সমরাঙ্গন

**৫. পায়ের তলায় নরম কী ঠেকল?**
ক) ঝরা বকুল   খ) শ্যাওলা
গ) নতুন সিঁড়ি   ঘ) দীঘির ঘাট

**৬. 'লইছে যে তব নাম বঙ্গের সংগীতে'— এখানে কার নামের কথা বলা হয়েছে?**
ক) কবির   খ) কপোতাক্ষ নদের
গ) সাগরের   ঘ) বঙ্গবাসীর

**৭. 'জীবন্ত হৃদয় মাঝে যদি স্থান পাই'— বলতে কবি কী বুঝিয়েছেন?**
ক) সৃষ্টিতে মানুষের গন্ধ অনুভব করা
খ) সৃষ্টিতে যাপিত জীবনের সুখ-দুঃখ তুলে ধরা
গ) সৃষ্টিতে মানুষের মাঝে বেঁচে থাকার আকাঙ্ক্ষা
ঘ) জগতে মানুষের মধ্যে দীর্ঘদিন বেঁচে থাকার সংকল্প

**৮. নিচের কোনটি সত্যেন্দ্রনাথ দত্ত রচিত কাব্য?**
ক) অপরাজিতা   খ) বিসর্জন
গ) বেলা শেষের গান   ঘ) ছায়াময়ী

**৯. নাই দেশ-কাল-পাত্রের ভেদ অভেদ ধর্মজাতি— এ বাক্যে কী প্রকাশ পেয়েছে?**
ক) স্বার্থপর মানসিকতা
খ) ধর্মের জন্য জীবন বাজী রাখা
গ) ঘৃণ্য মানুষের ক্ষমতা প্রদর্শন
ঘ) জাতধর্মের ভেদাভেদহীনতা

**১০. 'বর্ষণমুখর দিনে অরণ্যের কেয়া শিহরায়'— কেন?**
ক) দিকদিগন্তের পথে অপরূপ আভা দেখে
খ) নদীর ফাটলে বন্যা আনে বলে
গ) তৃষিত বনের সাথে জেগে ওঠে বলে
ঘ) বুক্ষমাঠে বর্ষণের সুর শোনা যায় বলে

**১১. 'নিশিন্দা' শব্দের অর্থ কী?**
ক) ধানের মঞ্জরী
খ) গ্রামীণ এক ধরনের গাছ
গ) অভাবী শ্রেণির প্রতিনিধি
ঘ) গভীর রাত

**১২. প্রাকৃতরূপ নিয়ে অবিকশিতভাবে বাংলায় এসেছে—**
ক) শশধর ও চাঁদ
খ) শশধর ও রজনী
গ) কৃষ্ণ ও চাঁদ
ঘ) কৃষ্ণ ও রাত্রি

**উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**

গ্রেনেড উঠেছে হাতে কবিতার হাতে রাইফেল এবার বাঘের থাবা ভোজ হবে প্রতিশোধে।

**১৩. উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্য কোথায়?**
ক) ঘৃণায়   খ) লজ্জায়
গ) প্রতিশোধে   ঘ) প্রতিরোধে

**১৪. উদ্দীপকে ফুটে উঠা ভাব নিচের কোনটির সাথে সাদৃশ্যপূর্ণ?**
ক) স্বদেশের জন্য আত্মত্যাগ
খ) মুক্তিযোদ্ধাদের শক্তিশালী আক্রমণ
গ) হানাদার বাহিনীর নির্মম হত্যাকাণ্ড
ঘ) স্বজনহারা মুক্তিযোদ্ধার অসহায়ত্ব

**১৫. মহাকাব্যের মূল লক্ষ্য কী?**
ক) যুদ্ধ বিগ্রহের কাহিনী বলা
খ) আয়তনে দীর্ঘ করা
গ) গদ্যে লেখা   ঘ) গল্প বলা

**১৬. রামসুন্দর কোনোরূপ বিবেচনা না করে নিরুপমার সাথে রায়বাহাদুরের ছেলের বিয়ে দিকে সম্মত হলো কেন?**
ক) অধিক সম্পদের জন্য   খ) বনেদী ঘর বলে
গ) শিক্ষিত মার্জিত বলে   ঘ) যৌতুক কম বলে

মানুষ মানুষের জন্য জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি মানুষ পেতে পারে না?

Teachingbd24.com

https://teachingbd24.com

১৭. উদ্দীপকের ভাবনা 'বহিপীর' নাটকের কোন চরিত্রের জন্য প্রযোজ্য?

ক) হাতেম আলি খ) হাশেম আলি

গ) বহিপীর ঘ) খোদেজা

১৮. একজন যথার্থ শিক্ষকের সার্থকতা সেখানে যদি শিক্ষার্থীর—

i. খেলাধুলায় উন্নতি হয় ii. আত্মা উদ্বোধিত হয়

iii. অন্তর্নিহিত প্রচ্ছন্ন শক্তি জাগ্রত হয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

'গনি মিয়া একজন দরিদ্র কৃষক। নিজের জমি নেই। অন্যের জমিতে চাষ করে। তার দুঃখ কষ্ট অভাব দেখে স্থানীয় চেয়ারম্যান ভোলা মিয়া শহরে তার চামড়া শিল্পে কাজ করতে বলে এবং থাকা খাওয়াসহ মোটা অঙ্কের বেতন দেয়ার প্রস্তাব দেয়।

১৯. উদ্দীপকের গনি মিয়ার সাথে 'আম আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?

ক) নীলমণি রায় খ) হরিহর রায়

গ) অন্নদা রায় ঘ) রাধা বোষ্টম

২০. মানিক বন্দ্যোপাধ্যায় কখন জন্মগ্রহণ করেন?

ক) ১৮৯৯ সালে খ) ১৯০৩ সালে

গ) ১৯০৪ সালে ঘ) ১৯০৮ সালে

২১. 'অভাগীর স্বর্গ' গল্পের উপস্থাপিত তাৎপর্য—

i. সামন্তবাদের নির্মমরূপ

ii. হতদরিদ্র মানুষের দুঃখ কষ্ট যন্ত্রণা

iii. একজন রোগক্লিষ্ট মানুষের যাপিত জীবন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. তাহেরার লজ্জা-শরম নেই কেন?

ক) পরপুরুষের সাথে কথা বলেছে

খ) পীর সাহেবকে মেনে নেয়নি

গ) পালিয়ে এসেছে

ঘ) পীর সাহেবের সাথে তর্ক করেছে

২৩. নাটকের প্রাণ কী?

ক) কাহিনী খ) সংলাপ

গ) চরিত্র ঘ) পরিবেশ

২৪. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে কী প্রকাশ পেয়েছে?

ক) সাম্যবাদী মানসিকতা

খ) ছোটলোক সম্প্রদায়ের যাপিত জীবন

গ) অভিজাত গর্বিত সম্প্রদায়ের অহংবোধ

ঘ) পরাধীনতার বিরুদ্ধে সোচ্চার হওয়া

২৫. 'বুর্জোয়া বিলাস' বলতে কোন শ্রেণির মানুষের শখ বোঝায়?

ক) নিম্নবিত্ত খ) মধ্যবিত্ত

গ) উচ্চবিত্ত ঘ) নিম্নমধ্যবিত্ত

"বাতাসে লাশের গন্ধ ভাসে মাটিতে লেগে আছে রক্তের দাগ নদীতে পানির মতো ভেসে থাকা মানুষের পঁচা লাশ মুণ্ডুহীন বালিকার কুকুরের খাওয়া বীভৎস শরীর ভেসে ওঠে চোখের ভিতর আমি ঘুমাতে পারি না।

২৬. উদ্দীপকটি নিচের কোন রচনার প্রতিফলিত রূপ?

ক) আমি কোনো আগন্তুক নই

খ) সাহসী জননী বাংলা

গ) তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা

ঘ) স্বাধীনতা এ শব্দটি কীভাবে আমাদের হলো

২৭. মনুষ্যত্বের আহবান মানুষের মর্মে পৌঁছতে দেরি হয় কেন?

ক) প্রাণীত্বের বাঁধন থেকে মুক্তি না পাওয়ায়

খ) অন্নবস্ত্রের সুব্যবস্থা প্রয়োজনীয় নয় বলে

গ) অন্তরের ব্যাপারটি বড় হয়ে ওঠেনি বলে

ঘ) ছোট জিনিসের মোহে বড় জিনিস হারাতে হয় বলে

২৮. 'পল্লিজননী' কবিতায় 'ফুরায়ে এসেছে তেল'— বলতে কী বোঝায়?

ক) রোগের তীব্রতা

খ) মরণ দূতের হাতছানি

গ) বাতির জ্বালানি ফুরিয়ে আসা

ঘ) মাটির প্রদীপ বাতাসে নিবু নিবু প্রায়

২৯. 'পালামৌ' রচনায় যুবকটি বাঘ মারতে যাচ্ছিল কেন?

ক) শিকারের নেশায়

খ) প্রতিশোধ নিতে

গ) গ্রামবাসীর অনুরোধে

ঘ) সবাইকে রক্ষা করতে

৩০. 'মরণের কথা মনে করলে যুদ্ধ করা যায় না'— কথাটি কে বলেছে?

ক) বুধা খ) শাহাবুদ্দিন

গ) ফুলকলি ঘ) কুন্তি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com